

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ জুলাই ২০২২ খ্রি.

আসমা খাতুন সিটি কর্পোরেশন কলেজের তোরণ উদ্বোধনকালে মেয়র প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধসহ নৈতিক শিক্ষা অর্জনে শিক্ষকদের ভূমিকা রাখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, একটি সুন্দর সমাজ বিনির্মাণে সভ্য জাতি ও সমৃদ্ধ দেশ গঠনে শিক্ষার কোন বিকল্প নেই। সুশিক্ষায় শিক্ষিত সুনাগরিক গড়ে শি্ষক ও শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা অপরিসীম। তিনি বলেন এ প্রজন্মের সন্তানদের প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি মূল্যবোধ ও নৈতিকতা শিক্ষা অর্জন অতীব গুরুত্বপূর্ণ। চসিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন-ভাতাসহ যাবতীয় সুযোগ সুবিধা একজন কর্মকর্তার চেয়েও বেশী, এরপরও শিক্ষার্থীরা যদি ভালো ফলাফল না করে তা হলে তা হবে দুঃখজনক। মেয়র বলেন, শিক্ষককে শিক্ষার্থীদের মাঝে জ্ঞান বিতরণ করতে হলে তাদের সেভাবে দক্ষ হওয়া প্রয়োজন। একজন দক্ষ শিক্ষার্থীকে উপযুক্ত শিক্ষাদান করতে পারলে সেই শিক্ষার্থীই নিজেকে সুশিক্ষিত ও সুনাগরিক হিসেবে গড়ে তুলতে পারবে। আজ সোমবার সকালে পোস্তারপার আসমা খাতুন সিটি কর্পোরেশন মহিলা ডিগ্রী কলেজের তোরণ উদ্বোধন ও পরিচালনা কমিটি সভায় সভাপতির বক্তব্যে এ কথা বলেন। অধ্যক্ষ লাভলী মজুমদারের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন কাউন্সিলর মো. জাবেদ, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, আওয়ামী লীগ নেতা দোস্ত মোহাম্মদ, হাজী মো. ইদ্রিছ কাজেমী, হাজী মো. ইব্রাহীম, আলহাজ্ব মাহফুজুর রহমান, ওহীদুর রহমান মহসিন, হাজী শামসুল আলম প্রমুখ।

মেয়র আরো বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষাই শুধু শিক্ষা নয়। প্রযুক্তি নির্ভর শিক্ষা অর্জন করতে না পারলে শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনে ফলপ্রস হবেনা। তিনি শিক্ষার্থীদের লাইব্রেরী মুখী, সাংকৃতিক চর্চায় আগ্রহী করে গড়ে তুলতে শিক্ষকদের প্রতি আহ্বান জানান। মেয়র কলেজ পরিচালনা কমিটিকে শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় কর্মকাণ্ড তদারকী ও সহযোগিতা করতে অনুরোধ জানান। তিনি কলেজের লাইব্রেরীকে আধুনিকায়ন করে শিক্ষা উপযোগী করা, পুরাতন ভবন ভেঙ্গে নতুন ভবন তৈরী ও কলেজের শিক্ষার্থীদের খেলাধুলার পরিবেশ তৈরীতে মাঠ সংস্কার করা হবে বলে জানান।

চসিক ভ্রাম্যমাণ আদালত

ফুটপাতে ব্যবসা করার ৪ ব্যক্তিকে

৬ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত ভ্রাম্যমাণ আদালত নগরীর সিরাজদৌল্লা রোডে সাব-এরিয়া এলাকায় ফুটপাতে দখল করে দোকানের মালামাল রেখে ব্যবসা করায় এবং জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ দোকান মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩